D.C.R.B (Tml)

# FIRST INFORMATION REPORT

W.B.P. Form No. 27

504

First Information of a cognizable crime reported under section154 Cr. P. C. at P.S.

1. Dist Purba Med. Sub- Divn. Haldia P.S. Nandigram Year 2017 FIR NO. 154/17 Date 08.05.17.
2. i) Act I.P.C Section 341/323/354/379/506/34 I.P.C Sections
2. ii) Act .......... Section .......... iv) Other Act & Sections ..........
3. a) General Diary Reference : Entry No. 485 Time 10.15
   b) Occarrence of Offence : Day Tuesday Date 01.02.17 Time 12:30hrs.
   c) Information received Date On - 08.05.2017 Time 10.15
   G. D. No. 485 at the Police Station :
4. Type of Information. Written / Oral (M.P. Case No - 49/17)
5. Place of Occurrence a) Direction and Distrance from P. S. approx 7 KM East Side
   b) Address vill- Birendapur, J.L No-182, Anchal-Mahammadpur, Block Nandigram-I, P.S- Nandigram, Dist- Purba Medinipur
   c) In cash outside limit of this Police Station, then the name of P.S. ..........
   District ..........
6. Complaint /Informant :
   a) Name Najma Bibi
   b) Father's / Husband's Name Sk Kuddush
   c) Date/Year of Birth Not noted
   d) Nationality Indian
   e) Address vill- Rajaramchak, P.S- Nandigram, Dist- Purba Medinipur
7. Detaiuls Known/Suspected/Unknown/Accused with full particulars (1) SK. Sadrul S/o- SK Musiam
   (Attach separate sheet, if necessary) (2) SK Saruk S/o- SK Musiar (3) Sayra Bibi
8. Reasons for dealy in reporting by the Complaint/Informant W/o- SK Musiar (4) Rina Khatun D/o- SK Musiar (5) Mainune Bibi W/o- SK Saruk Ali (6) Ismatara Bibi W/o- SK Sardul
9. Particular of properties stolen / involved : (Attach separete sheet, if required) : all of Birendapur, P.S- Nandigram, Dist- Purba Medinipur
10. Total value of Properties stolen / involved : ..........
11. Inquest report / U.D. : Case No. if any : ..........
12. FIR Contents : (Attach separate sheets, if required) : the original Court Complaint which is treated as F.I.R is attached here with:-
13. Action taken : Since the above report reveals commission of offence (s) u/s 341/323/354/379/506/34 I.P.C.

S.I- Ajay Kumar Mishra, O/C Nandigram PS

register the case and took up the investigation/directed to ASI- Amitava Mukherjee of Nandigram PS please to take up the investigation transferred to P. S. .......... on point of jurisdiction FIR read over to the Complaint / informant, admitted to be correctly recorded and given to the Complainant/Informant free of cost.

Court Complaint

Signature / Thumb Impression of the Complainant /Informant

DR-3454(1)

Signature of the Office-in-charge Police Station with
Name AJAY KUMAR MISHRA
Rank S.I. OF POLICE
Number, if any O/C Nandigram PS.

Officer-in-charge NANDIGRAM POLICE STATION Purba Medinipur

FIR

# In The Court of L.d. A.C.J.M. Haldia
## Ref : Case No - MP - 49 /2017

**বাদী**

নাজমা বিবি
স্বামী - সেখ কুদ্দুস
গ্রাম - গোপীমোহনপুর
পোঃ - রাজারামচক
থানা - নন্দীগ্রাম
জেলা - পূর্ব মেদিনীপুর

**বিবাদীগণ**

১) সেখ সাদরুল
২) সেখ সারুক
উভয়ের পিতা - সেখ মুসিয়ার
৩) সায়রা বিবি
স্বামী - সেখ মুসিয়ার
৪) রীনা খাতুন
পিতা- সেখ মুসিয়ার
৫) মাইমুনা বিবি
স্বামী - সেখ সারুক আলি
৬) ইসমাতারা বিবি
স্বামী - সেখ সারদুল
গ্রাম - বিনন্দপুর
থানা - নন্দীগ্রাম
জেলা - পূর্ব মেদিনীপুর

**সাক্ষীগণ**

১) সেখ কুদ্দুস
পিতা - সেখ জামসেদ
সাং - গোপীমোহনপুর
২) তহিদ আলি শা
পিতা - ইজা শা
৩) আসাদন বিবি
স্বামী - রবি শা
৪) মফিজুল শা
পিতা - সৈকত শা
গ্রাম - বিনন্দপুর
থানা - নন্দীগ্রাম
জেলা - পূর্ব মেদিনীপুর
৬) ও.সি নন্দীগ্রাম ও আরও অনেকে।

Received on 08.05.2017 at 10:15hrs and Started Nandigram PS Case No-154/17 dated 08-05-17 u/s-341/323/354/379/506/34 IPC

**ঘটনার তারিখ ও সময় ঃ- ইং ০১/০২/২০১৭ সময় আনুমানিক বেলা ১২.৩০ টা নাগাদ।**

মহাশয়, অধীনার বিনীত নিবেদন এই যে,

অদীনা উপরোক্ত ঠিকানা একজন আইন মান্যকারী নাগরিক হইতেছে।

অপরপক্ষে বিবাদীগণ অত্যন্ত দুর্দান্ত, দুষ্ট, লোভী, দুঃচরিত্র, প্রতারক, হিংসুটে প্রকুতির ব্যক্তিগণ হইতেছে।

৩ নং বিবাদীর স্বামী সেখ মুসিয়ার অধীনার স্বামীর পূর্ব পরিচিত হইতেছে। সেই বিধায় ৩ নং বিবাদীর স্বামী অধীনার স্বামীর নিকট হইতে ধার স্বরুপ নগদ ৭,০০০/- টাকা লইয়াছিল। পরবর্তী সময়ে পরিশোধ করেন নাই।

উক্ত ৩ নং বিবাদীর স্বামী কর্মসূত্রে বাহিরে থাকে। সেকারণে উক্ত ঘটনার তারিখ ও সময়ে অধীনা ও অধীনার স্বামী (সেখ কুদ্দুস) উক্ত বিবাদীগণের বাড়ী যাই এবং ধার স্বরূপ নগদ ৭,০০০/- টাকা ফেরতের কথা বলিলে তখন ৩ নং বিবাদী টাকা দিতে অস্বীকার করে এবং সমূহ বিবাদীগণকে জোটবদ্ধ করিয়া অধীনা সহ অধীনার স্বাম কে গালমন্দ করে এবং টাকা দেবে না বলিয়া হুমকি দেয়। অধীনা গালমন্দের প্রতিবাদ করিলে উক্ত বিবাদীগণ অধীনাকে এবং অধীনার স্বামীকে যে যাহার মতো কিল,চড়, ঘুসি ও লাথি মারিতে থাকে এবং ১ নং বিবাদী অধীনার পরণের কাপড় খুলিয়া বিবস্ত্র করিয়া দিয়া শ্রীলতাহানি করিবার চেষ্টা করে।

পরের পৃষ্ঠায়............

Court of Add. Chief Judicial Magistrate
FILED
28 MAR 2017
Haldia, Purba Medinipur

এবং ২ নং আসামী অধীনার স্বামীকে প্রাণে মারিবার উদ্দেশ্যে গলায় গামছা দিয়া পেঁচিয়া টানিতে থাকে। অধীনার স্বামী গোঁ- গোঁ শব্দ করে। অধীনার চিৎকারে তহিদ আলি শা এবং আসাদন বিবি উক্ত বিবাদীগণের হাত হইতে রক্ষা করিতে আসিলে সমূহ বিবাদীগণ তাহাদেরকে মাটিতে ফেলিয়া দিয়া কিল, চড়, ঘুসি ও লাথি মারিতে থাকে। ৩ নং বিবাদী তহিদ আলি শা এর অর্শ্ব অপারেশনকৃত জায়গায় সজোরে লাথি মারিতে থাকে । মারের ফলে তহিদ আলি শা এর অপারেশনকৃত জায়গা হইতে রক্ত ঝরিতে থাকে এবং যন্ত্রনায় ছটপট করে। অধীনগণের চিৎকারে পাড়া-প্রতিবেশীগণ ছুটিয়া আসিলে বিবাদীগণ ঘটনাস্থল ত্যাগ করিবার পূর্বে অধীনার গলা হইতে ৪ নং বিবাদী ১ টি সোনার সুদ (যাহার আনুমানিক মূল্য - ২৫,০০০/- টাকা), ছিনিয়া লইয়া আত্মশাৎ করে এবং প্রাননাশের হুমকি দিয়া ঘটনাস্থল ত্যাগ করে।

অধীনাকে এবং অধীনার স্বামীকে মারের ফলে সারা শরীরে ফোলা, ব্যথা, জখম হয় এবং তহিদ আলি শা কে ডাক্তারবাবুর দ্বারা চিকিৎসা করা হয়। অধীনা এবং অধীনার স্বামী স্থানীয় ঔষধ দোকান হইতে ঔষধ সেবন করি। অধীনাকে বিবস্ত্র করিয়া দেওয়ার ফলে অধীনা লোকচক্ষে হেয় ও অপমানিত বোধ করি। অধীনাউক্ত ঘটনার বিষয়ে স্থানীয় থানাতে লিখিত অভিযোগ দায়ের করি। যাহার জি.ডি. এন্ট্রি নম্বর - ৪৫, Dated- 01/02/2017 এবং থানা হইতে কোন ব্যবস্থা গ্রহণ না করায় লিখিত আকারে ডাকযোগে ইং ০২/০২/২০১৭ তারিখে এস.পি. পূর্ব মেদিনীপুরকে জানাই। কিন্তু কোথাও থেতে কোন ব্যবস্থা গ্রহণ না করায় এবং গ্রাম হইতে কোন প্রতিকার না পাওয়ায় অদ্য নালিশ করিতেছি।

ঘটনার চাক্ষুস সাক্ষী রহিয়াছে। অপরাপর যাবতীয় বিবরণ মামলার পুলিশ তদন্তে প্রকাশ পাইবে।

এমতে প্রতিয়মান হইবে যে, বিবাদীগন ভারতীয় দন্ডবিধির আইন অনুসারে অপরাধ করিয়াছে।

প্রার্থনা এই যে, অত্র FIR গন্যে সন্তুষ্ট হইয়া ফৌঃ কাঃ বিধি আইনের ১৫৬ (৩) ধারামতে নন্দীগ্রাম থানার ভারপ্রাপ্ত পুলিশ আধিকারিক মহাশয়কে তদন্তের আদেশদানে সুবিচার করিতে আজ্ঞা হয়।

নিবেদন ইতি 28/3/17